দৈনিক ইত্তেফাক

তারিখ MAR 12 2000

পৃষ্ঠা ২ কলাম ৫

163

# অংক পরীক্ষায় তিন সহস্রাধিক বহিষ্কার

ইত্তেফাক রিপোর্ট ॥ পরীক্ষায় নকলের বিরুদ্ধে কিছুটা হইলেও ঘৃণার পরিবেশ সৃষ্টি হইয়াছে। গতকাল (শনিবার) অংক পরীক্ষা চলাকালে দেশের কোথাও কোথাও নকল প্রতিরোধের দাবীতে মিছিল বাহির করা হয়। আবার কোথাও কোথাও নকলের হাট বসিয়াছিল। কোথাও কোথাও ১৪৪ ধারা ভঙ্গ করিয়া নকল সরবরাহকারীরা উচ্ছৃংখল আচরণ করিয়াছে। আবার কোথাও নকল সরবরাহকারীদের বিরুদ্ধে ঘৃণা মিছিল অনুষ্ঠিত হইয়াছে। গতকাল সারাদেশে পরীক্ষায় অসদুপায় (২য় পৃঃ ৭-এর কঃ)



## অংক পরীক্ষায়

(প্রথম পৃষ্ঠার পর)

অবলম্বনের দায়ে তিন সহস্রাধিক পরীক্ষার্থী বহিষ্কৃত হয়। রাজশাহী বোর্ডের বিভিন্ন কেন্দ্রে বহিষ্কারের ঘটনা ছিল উল্লেখ করার মত। গতকাল শুধুমাত্র রাজশাহী বোর্ডেই ১৭ শতাধিক পরীক্ষার্থী বহিষ্কৃত হয়। পরীক্ষায় নকল সরবরাহরে দায়ে গতকাল সারাদেশে ৯ জন শিক্ষক বহিষ্কৃত হইয়াছেন। ইহার মধ্যে ৪ জনই হইলেন রাজশাহী বোর্ডের। গতকাল পঞ্চগড়ে পরীক্ষা চলাকালে ভাইয়ের হইয়া পরীক্ষা দিতে গিয়া ভাই এবং নেত্রকোনায় স্ত্রীকে নকল সরবরাহ করিতে গিয়া স্বামী গ্রেফতার হইয়াছে। বগুড়ায় বিভিন্ন কেন্দ্রে নকলের হাট বসিয়াছিল। কুমিল্লার গুণবতীপরীক্ষাকেন্দ্র হইতে পুলিশ ৪ বস্তা নকল উদ্ধার করে। কুষ্টিয়া মিরপুর পরীক্ষা কেন্দ্রে ১৪৪ ধারা ভঙ্গ করার অপরাধে ৪ জন বহিরাগত তরুণ গ্রেফতার হয়। তাহাদেরকে জেল হাজতে প্রেরণ করা হইয়াছে। সাভারে গুলী হইয়াছে। কোথাও অংক প্রশ্নের উত্তরপত্র বিক্রি হইয়াছে ৫০০ টাকায়। গতকাল পরীক্ষা চলাকালে ঠাকুরগাঁওয়ে নকল বিরোধী মিছিল বাহির করা হয়।

**আশার আলো**

ইত্তেফাকের সংবাদদাতারা জানান, গতকাল নারায়ণগঞ্জ, নেত্রকোনা, সোনারগাঁও, কালিয়াকৈর, কালিগঞ্জের বিভিন্ন কেন্দ্রে পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন হইয়াছে। কেরানীগঞ্জের কলাতিয়া হাইস্কুল ও স্কুল কেন্দ্রে সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠিত হয়। এইসকল কেন্দ্রে দৃষ্টান্ত ব্যাপক নিরাশার মধ্যেও আশার আলো সৃষ্টি করিয়াছে। একটি সূত্র জানায়, গতকাল দেশের কোথাও কোথাও এলাকার মান-সম্মানের ভয়ে পরীক্ষার্থীদের নকল করিতে বাধা দেওয়া হয় নাই। বরিশালে কেন্দ্রের বাহিরে সতর্ক প্রহরা ছিল। কিন্তু ভিতরে চলিয়াছে নকলের মহোৎসব।

**সামাজিক প্রতিরোধ গড়িয়া তোলার আহ্বান**

গতকাল (শনিবার) জাতীয় প্রেসক্লাবে এক আলোচনা সভায় পাবলিক পরীক্ষায় নকল বন্ধের লক্ষ্যে সামাজিক প্রতিরোধ গড়িয়া তোলার আহ্বান জানান হইয়াছে। শিক্ষার মান সংরক্ষণ ও নকল প্রতিরোধ আন্দোলন আয়োজিত এই আলোচনা সভায় বিশিষ্ট সাংবাদিক সানাউল্লাহ নূরী, গিয়াস কামাল চৌধুরী, সংগঠনের আহ্বায়ক মিয়া আব্দুল্লাহ ওয়াজেদ, জামালউদ্দিন আহমেদ প্রমুখ বক্তৃতা করেন। সভায় বলা হয়, পাবলিক পরীক্ষাসমূহে নকলের ঘটনা আর চলিতে দেওয়া যায় না। দেশ ও জাতির প্রয়োজনে অবিলম্বে এই সমস্যার সমাধান হওয়া প্রয়োজন। সভায় নকল প্রতিরোধের লক্ষ্যে সারাদেশে সামাজিক আন্দোলন গড়িয়া তোলার পাশাপাশি নকলবাজদের সামাজিকভাবে বয়কট করার আহ্বান জানান হইয়াছে।

**চার বস্তা নকল**

কুমিল্লা সংবাদদাতা জানান, গতকাল চৌদ্দগ্রামের নির্বাহী কর্মকর্তা গোকুল চাঁদ দাস গুণবতী হাইস্কুল কেন্দ্রে পরীক্ষার্থীদের দেহ তল্লাশী করিয়া ৪ বস্তা নকল উদ্ধার এবং কর্তব্যে অবহেলার দায়ে ১ জন শিক্ষককে বহিষ্কার করেন।

**স্ত্রীর জন্য ভালবাসা**

নেত্রকোনা সংবাদদাতা জানান, গত ৮ই মার্চ এসএসসি পরীক্ষায় ফুলপুর পাইলট উচ্চ বিদ্যালয় কেন্দ্রে শহীদ মিয়া নামে এক ব্যক্তি তাহার স্ত্রী বকুলকে নকল সরবরাহের সময় কর্তব্যরত ম্যাজিস্ট্রেটের হাতে ধরা পড়ে এবং পরে তাহাকে হাজতে পাঠায়।

**মাদ্রাসার উপাধ্যক্ষ গ্রেফতার**

গোপালপুর (টাঙ্গাইল) সংবাদদাতা জানান, ঘুষের বিনিময়ে ভুয়া প্রবেশপত্র দিয়া ১৮ জন পরীক্ষার্থীকে দাখিল পরীক্ষা দেওয়ানোর অভিযোগে টিএনও তৌহিদুর রহমান শনিবার সৃতি দাখিল মাদ্রাসার উপাধ্যক্ষ আখতারুজ্জামান মিয়াকে পাকড়াও করিয়া পুলিশে সোপর্দ করেন। দুষ্কর্মের হোতা